



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা



২০২১-২২ অর্থবছরে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি
পর্যালোচনা সংক্রান্ত পঞ্চম সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ ইলিয়াস হোসেন যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	১০ ফেব্রুয়ারি ২০২২
সভার সময়	বিকাল ৩.৩০ ঘটিকা
স্থান	যুগ্মসচিব (প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-১

২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত পঞ্চম সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য-সচিব মোহাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিয়ে আলোচনা করেন। তিনি বলেন যে, একটি ডিজিটাল সেবা হিসেবে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার পাইলটিং করা হয়েছে। চতুর্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৩য় প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

০২। সভায় উল্লেখ করা হয় যে, একটি উদ্ভাবনী সেবার অংশ হিসেবে এ বিভাগের করিডোরে CCTV ক্যামেরা স্থাপন করা হয়েছে। একটি সেবা সহজিকরণের জন্য “অটোগ্যাস স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমোদন” সেবাটির উপর একটি প্রজেক্টেশন গ্রহণ করা যেতে পারে।

০৩। সভায় আরও উল্লেখ করা হয় যে, বদলি ও পদোন্নতিজনিত কারণে ইনোভেশন কমিটি পুনর্গঠন করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। নিম্নোক্তভাবে ইনোভেশন কমিটি পুনর্গঠন করা যেতে পারে:

১.	যুগ্মসচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	চীফ ইনোভেশন অফিসার
২.	উপসচিব (অপারেশন-২ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	সদস্য
৩.	উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	সদস্য সচিব
৪.	উপসচিব (পরিকল্পনা-২ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	সদস্য
৫.	উপসচিব (বাজেট অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	সদস্য
৬.	সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	সদস্য

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৪.১	আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৬ষ্ঠ সভা আয়োজন করতে হবে;	সদস্য-সচিব
৪.২	একটি ডিজিটাল সেবা হিসেবে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যারটি ৩০ ডিসেম্বর ২০২০ তারিখে চালুকৃত ডেমো ভার্সনের সরকারি অফিস আদেশ জারি করতে হবে;	প্রশাসন-১ অধিশাখা

৪.৩	চতুর্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে তৃতীয় কর্মশালা (এক দিনের) এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত তৃতীয় প্রশিক্ষণ (তিন দিনের) আগামী মার্চ ২০২২ মাসের মধ্যে আয়োজন করতে হবে;	বাজেট অধিশাখা
৪.৪	উদ্ভাবনী কর্মপরিকল্পনা ১.১.১ কার্যক্রমে একটি উদ্ভাবনী সেবা বাস্তবায়নের অংশ হিসেবে “এ বিভাগের করিডোরে CCTV ক্যামেরা স্থাপন করা” এর কাজ সম্পন্ন হয়েছে মর্মে ১৬ মার্চ ২০২২ তারিখের মধ্যে একটি অফিস আদেশ জারি করতে হবে;	প্রশাসন-১ অধিশাখা
৪.৫	আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে একটি সেবা সহজিকরণের লক্ষ্যে “অটোগ্যাস স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমোদন” সেবাটির উপর একটি প্রজেক্টেশন ও অফিস আদেশ জারি করতে হবে; এবং	উপসচিব অপারেশন-২ শাখা ও জনাব সুমন মিয়া, প্রশাসনিক কর্মকর্তা
৪.৬	অনুচ্ছেদ ০৩ এ প্রস্তাবিত ইনোভেশন কমিটি গঠনের অফিস আদেশ জারি করতে হবে।	সদস্য সচিব

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ ইলিয়াস হোসেন
যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন
অফিসার


স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.২৮

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) উপসচিব, অপারেশন-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) উপসচিব, বাজেট অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৭) সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ১০) জনাব সুমন মিয়া, প্রশাসনিক কর্মকর্তা, অপারেশন-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [অটো গ্যাস স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমোদন” সেবাটির উপর একটি প্রজেক্টেশন উপস্থাপনের অনুরোধসহ]



মোহাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব